



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)


College Code: 1375 (DB), 6438 (NU), EHN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945, Website: www.dcc.edu.bd

তারিখ: ০৩.১০.২০২০

একাদশ শ্রেণির অনলাইন ক্লাস সেকশন চেয়ারম্যানের দায়িত্ব

১. একাদশ শ্রেণি (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) এর অনলাইন ক্লাসের সেকশন-সংশ্লিষ্ট চেয়ারম্যান নির্ধারিত ২/৩টি সেকশনের যাবতীয় দায়িত্ব পালন করবেন। (যা পূর্বে নিয়মিত ক্লাসের শিক্ষার্থী উপদেষ্টা করতেন।)
২. ৪ অক্টোবর ২০২০ প্রথম অনলাইন ক্লাস দিবসে চেয়ারম্যান সেকশনে প্রবেশ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে কলেজের অনলাইন ক্লাস নির্দেশনা প্রদান ও ক্যাপ্টেন নির্বাচন করবেন।
৩. তিনি ৪ অক্টোবর ২০২০ এর মধ্যে আইটি সেন্টার কর্তৃক তৈরি সেকশন ফেইসবুক গ্রাইভেট গ্রুপের এডমিন হবেন।
৪. তিনি সেকশনের ২ জন শিক্ষার্থীকে ফেইসবুক গ্রুপের এডমিন/ক্যাপ্টেন নিয়োগ দিবেন।
৫. তিনি সেকশনের সকল শিক্ষার্থীর আইডি নাম ও রোল নম্বর নিশ্চিত করবেন।
৬. তিনি ক্লাসের বাহিরে মোবাইলে প্রত্যহ ক্যাপ্টেন থেকে ক্লাসের তথ্য জানবেন।
৭. ক্লাসের শৃঙ্খলা বিধানে তিনি প্রয়োজনীয় নির্দেশনা দিবেন এবং ব্যবস্থা গ্রহণ করবেন।
৮. বিশৃঙ্খলাকারী শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে বা বহিরাগত শনাক্তকরণে তিনি অন্যান্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করবেন এবং যথাযথ ব্যবস্থা নিবেন।
৯. চেয়ারম্যান বিভাগীয় শিক্ষকদের গ্রাইভেট ফেইসবুক গ্রুপ বা ম্যাসেঞ্জার গ্রুপ পরিচালনা করবেন এবং এর মাধ্যমে কলেজের প্রয়োজনীয় বিজ্ঞপ্তি ও নির্দেশনা বিভাগীয় শিক্ষকদের অবহিত করবেন।
১০. তিনি বিভাগীয় শিক্ষকদের সাপ্তাহিক অনলাইন মিটিং পরিচালনা করবেন।
১১. বিভাগের সকল শ্রেণির শিক্ষার্থী উপস্থিতির বিবরণ তিনি প্রত্যহ বিভাগীয় শিক্ষক গ্রুপে পোস্ট দিবেন।
১২. তিনি একাদশ শ্রেণির তার সেকশনের অনুপস্থিত শিক্ষার্থীদের অভিভাবকের নিকট এসএমএস পাঠানোর ব্যবস্থা গ্রহণ করবেন এবং এজন্য গুগল ফর্মে প্রতি পিরিয়ডের উপস্থিতি গ্রহণ করবেন।
১৩. তিনি অনুপস্থিত বা বিশৃঙ্খলাকারী শিক্ষার্থী সম্পর্কে প্রয়োজনে মোবাইলে অভিভাবককে জানাবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
১৪. তিনি প্রতি মাসে সেকশনভিত্তিক অনলাইন অভিভাবক সভা করবেন।
১৫. তিনি সেকশন গ্রুপে প্রয়োজনীয় নির্দেশনা ও বিজ্ঞপ্তি পোস্ট করবেন।
১৬. তিনি সেকশনের শিক্ষকবৃন্দকে গ্রুপে অন্তর্ভুক্ত করবেন। তিনি শ্রেণি শিক্ষকবৃন্দকে গ্রুপে কেবল তাদের বিষয়ের পাঠ পোস্ট করার অনুমতি দিবেন।
১৭. গ্রুপে কোনো সাধারণ শিক্ষার্থী যেনো কোনো পোস্ট দিতে না পারে তিনি তা নিশ্চিত করবেন।
১৮. তিনি শিক্ষার্থীদেরকে ক্লাসে অংশগ্রহণ, লেখাপড়া ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ে পরামর্শ দিবেন এবং উদ্বুদ্ধ করবেন।
১৯. সেকশনের কোনো ক্লাস না হলে উক্ত দিবসেই মেক-আপ ক্লাস হচ্ছে কি-না তিনি তা নিশ্চিত করবেন এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষকে জানাবেন।
২০. চেয়ারম্যান অনলাইন ক্লাসের জন্য ক্লাস সংখ্যা ও পাঠ পরিকল্পনা করবেন এবং বিষয়ের সকল শিক্ষক অবশ্যই পাঠ পরিকল্পনা অনুযায়ী পড়াচ্ছেন কি-না তা নিশ্চিত করবেন।
২১. চেয়ারম্যান বিভাগ ও সেকশনভিত্তিক শিক্ষার্থীদের উপস্থিতি বিবরণ কলেজ টিচার্স ফেইসবুক গ্রুপে প্রকাশ করতে পারবেন।
২২. তিনি অবশ্যই প্রত্যহ কলেজ ওয়েবসাইট, 'Dhaka Commerce College' ফেইসবুক পেইজ ও 'Dhaka Commerce College Teachers' ফেইসবুক গ্রুপসহ কলেজের সকল অনলাইন মাধ্যমের সাথে যুক্ত থাকবেন এবং বিভাগীয় শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।


০৩.১০.২০২০
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা কমার্স কলেজ